

ব্যক্তিগত পত্রের নমুনা

সুন্দরবন গমন উপলক্ষে ভ্রমণসঙ্গী হবার অনুরোধ জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

খিলগাঁও
০১/০১/২০২৩

প্রিয় শোয়েব,

প্রীতি নিও। তোমার চিঠি পেয়ে অত্যন্ত আনন্দিত হয়েছি। পরীক্ষা শেষে এবারের দীর্ঘ ছুটিটা কিভাবে কাটাবো তুমি জানতে চেয়েছ। তুমি জেনে খুশি হবে যে, এ মাসের ২৫ তারিখ আমরা সুন্দরবন বেড়াতে যাব বলে সিদ্ধান্ত নিয়েছি। এর আগে আমরা কখনও সুন্দরবন যাইনি। মামার মুখে অনেক গল্প শুনেছি সুন্দরবন সম্পর্কে। বাঘ, হরিণ, বানর, কুমির, সাপ কত কি জীবজন্তু আছে সেখানে। সব শুনে আমার তো বুক টিব টিব করছে। তবে বাবা-মাও সঙ্গে যাচ্ছেন এই যা রক্ষে। খুলনা থেকে লঞ্চ নিয়ে আমরা যাব। মামা বলেছেন নীলকমল, দুবলা ঘুরিয়ে আনবেন। দুবলায় অনেক মাছ পাওয়া যায়। খুব বড় রাসমেলা হয় সেখানে, শোনো নি?

আমার খুব ইচ্ছে ভুমিও আমাদের সঙ্গে যাবে। তুমি এলে দুজনে মিলে বই, ক্যামেরা, দূরবীন, গিটার, রেকর্ডার, ক্যাসেট, ছবি আঁকার সরঞ্জাম সব গুছিয়ে নেব। তুমি যথাসময়ে অবশ্যই ঢাকা পৌঁছবে। এ ব্যাপারে তোমার মতামত দ্রুত জানা দরকার।

আমরা সবাই ভালো আছি। সাক্ষাতে বিস্তারিত কথা হবে। আজ এখানে শেষ করছি।

ইতি
প্রীতিমুগ্ধ
রাজন

প্রেরক	প্রাপক	ডাক টিকেট
রাজন খিলগাঁও ঢাকা	সোহেল মাহমুদ কলেজ রোড, রংপুর	